



পাটবীজ শিল্পসভা (Jute Seed Industry Meet)-এর আয়োজন করলো ব্যারাকপুরের কেন্দ্রীয় পাট এবং সহযোগী তত্ত্ব অনুসন্ধান সংস্থা (ICAR- CRIJAF)

11 AUGUST 2021



বর্তমানে, পাটবীজ সেক্টরের প্রধান উদ্বেগ হল, একাধিক কাঙ্ক্ষিত বৈশিষ্ট্যের সাথে সদ্য মুক্তিপ্রাপ্ত উচ্চ ফলনশীল জাত সম্পর্কে বীজ উৎপাদক এবং কৃষকদের মধ্যে সচেতনতার অভাব। এর ফলে উন্নত নতুন জাতগুলির দ্বারা পুরোনো জাতগুলিকে প্রতিস্থাপন (varietal replacement)-এর গতি স্লথ হয়ে পড়ছে। অতএব, নতুন জাতগুলিকে জনপ্রিয় করার জন্য, ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদের অন্তর্গত অন্যতম গবেষণা সংস্থা, ব্যারাকপুরের কেন্দ্রীয় পাট এবং সহযোগী তত্ত্ব অনুসন্ধান সংস্থা (আইসিএআর-ক্রাইজাফ/ICAR-CRIJAF) ০৯.০৮.২০২১ তারিখে পাটবীজ শিল্প সংস্থাগুলিকে নতুন পাট জাতগুলির গুরুত্ব এবং এই পাট জাতগুলির বীজের বাণিজ্যিক উৎপাদনের জন্য ইনস্টিটিউটের লাইসেন্সিং নীতি সম্পর্কে সচেতন করার জন্য একটি পাট বীজ শিল্প সভা(Jute Seed Industry Meet)-এর আয়োজন করেছে।



আইসিএআর-ক্রাইজাফের নির্দেশক ড. গৌরাঙ্গ কর তাঁর বক্তব্যে বর্তমানে দেশের পাটবীজ পরিস্থিতি এবং আইসিএআর-ক্রাইজাফ দ্বারা বিকশিত নতুন জাতগুলি সম্পর্কে তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, সাম্প্রতিককালে দেশের অভ্যন্তরে পাটজাত পণ্যের ব্যবহার এবং পাটের বৈচিত্র্যময় পণ্য রপ্তানির চাহিদা বৃদ্ধির প্রবণতা পাটশিল্পের জন্য মানসম্মত কাঁচা পাটের প্রয়োজনীয়তাকে বৃদ্ধি করেছে। এই ইনস্টিটিউট নিকট ভবিষ্যতে পাট তন্তুর অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য একটি কর্মপরিকল্পনা করেছে যাতে উৎপাদনশীলতা ৪০ কুইন্টাল/হেক্টরে উন্নীত হবে। এই দিক থেকে, সম্প্রতি বিকশিত জাতগুলির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। কারণ, এই জাতগুলি পুরাতন জাতের তুলনায় ১৫-২০% বেশি উৎপাদনশীল এবং ২১% সূক্ষ্ম তন্তু উৎপাদন করে। অতএব, এই জাতগুলি চাষের দ্বারা উন্নতগুণমানযুক্ত পাট তন্তুর উৎপাদনশীলতা বৃদ্ধির অসাধারণ সম্ভাবনা রয়েছে। কৃষকদের মধ্যে এই নতুন জাতগুলির বীজের সহজলভ্যতা এই প্রচেষ্টার প্রথম ধাপ যার জন্য বীজ কোম্পানিগুলিকে খুবই সক্রিয় হতে হবে। পাটবীজ শিল্প সংস্থাগুলিকে নতুন জাতের বীজের বাণিজ্যিক উৎপাদনের জন্য আইসিএআর-ক্রাইজাফের সাথে সমঝোতা স্মারক (MoU) তৈরিতে এগিয়ে আসতে হবে, যাতে এই ধরনের জাতের বিকাশ ও জনপ্রিয়করণের মধ্যে সময় কম লাগে।



এই সভায় ১২ টি বীজ শিল্প সংস্থার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন এবং আইসিএআর-ক্রাইজাফের বিজ্ঞানীদের সাথে আলাপ-আলোচনা করেন। প্রতিনিধিরা সদ্য বিকশিত সৌরশক্তি চালিত ফ্রি ফ্রো বেটিং কমপ্লেক্স, নতুন পাটের জাতের অগ্রিমপঞ্জি প্রদর্শন এবং তন্তু সংগ্রহালয়টি (Fibre Museum) পরিদর্শন করেন।

ড. চন্দন সৌরভ কর, প্রধান বিজ্ঞানী এবং নোডাল অফিসার (বীজ) এই সভার অংশগ্রহণকারীদের স্বাগত জানান। তিনি তার মন্তব্যে আইসিএআর-ক্রাইজাফের বীজ উৎপাদন কার্যক্রম এবং বর্তমানে জাত প্রতিস্থাপনের হার সম্পর্কে উল্লেখ করেছেন। ড. রিতেশ সাহা, প্রধান বিজ্ঞানী এবং আই.টি.এম.ইউ কক্ষে ভারপ্রাপ্ত আধিকারিক, বাণিজ্যিকীকরণের জন্য উপলব্ধ জাত ও প্রযুক্তি এবং ইনস্টিটিউটের লাইসেন্সিং নীতি নিয়ে আলোচনা করেন।

